

(২)

Ex./BANGLAUG/5.4/32/2017

৪. 'লিরিক্যাল ব্যালাডস'কে রোমান্টিক আন্দোলনের মুখপাত হিসেবে চিহ্নিত করা যায়—এ মত কতদূর গ্রহণযোগ্য বলে তোমার মনে হয় সংক্ষেপে আলোচনা করো। ১০

৫. পাশ্চাত্যে সিম্বলিস্ট আন্দোলনের সামাজিক, রাজনৈতিক, সাহিত্যিক, প্রেক্ষিত বর্ণনা করো। 'ক্লেনের মধ্যে থেকে ফুল ফোটাবার গান' বাংলা সাহিত্যকে কীভাবে প্রভাবিত করেছিল বলে তোমার মনে হয়? ১০

অথবা

৬. সুরিয়ালিজম-এর ব্যবস্থা ঘোষণাপত্রটিকে সামনে রেখে পাশ্চাত্যে সুরিয়ালিস্ট আন্দোলনের গতি-প্রকৃতি ব্যাখ্যা করো। বাংলা সাহিত্যে তার প্রভাব কতদূর? ১০

৭. প্রকৃতিবাদ বলতে কী বোঝ? কীভাবে এর উদ্ভব হল? পাশ্চাত্য এবং বাংলা সাহিত্যের কোন কোন লেখকের রচনায় প্রকৃতিবাদের সাক্ষাৎ পাও দু-একটি উদাহরণ সহ জানাও।

অথবা

৮. জাদুবাস্তবতা কি শুধু আধুনিক সাহিত্যেই দেখা যাচ্ছে? প্রাচীন ও মধ্যযুগে কি তা ছিল না? লাতিন আমেরিকার সাহিত্যে জাদু বাস্তবতা কীভাবে প্রকাশিত হয়েছে লেখো। বাংলায় কাদের উপন্যাসে জাদুবাস্তবতার লক্ষণ আছে বলে তুমি মনে কর?

— X —

কলাস্নাতক অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৭

(তৃতীয় বর্ষ, পঞ্চম সেমেস্টার)

সাম্মানিক বাংলা

পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব

কোর্স ইউ.জি. - ৫.৪

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও

১. তুমি কি ক্লাসিসিজমকে রোমান্টিসিজমের এক বিপ্রতীপ ধারণা বলে মনে করো? তোমার মতামত যুক্তিসহ পেশ করো। ১০

অথবা

২. 'ক্লাসিক' বলতে তুমি কী বোঝ? 'ক্লাসিক' ধারণার নির্মাণে প্রাচীন গ্রিক ও রোমান সংস্কৃতির যোগাযোগের বিষয়টি উদাহরণ সহযোগে আলোচনা করো।

৩. পাশ্চাত্যে রোমান্টিক আন্দোলনের আর্থ-সামাজিক, রাজনৈতিক প্রেক্ষাপট সংক্ষেপে উল্লেখ করো। ইংরাজি সাহিত্যের রোমান্টিক আন্দোলন বাঙালি কবি, সাহিত্যিকদের কীভাবে প্রভাবিত করেছিল? ১০

অথবা

(Turn Over)